গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৪০.০৩০.১৭.৩৬৫

তারিখ ০৬ আষাঢ় ১৪২৬ / ২০ জুন ২০১৯

বিষয় : জাতীয় সার প্রমিতকরণ কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

জৈবসারের নমুনা পরীক্ষার ফলাফল বিশ্লেষণের লক্ষ্যে জনাব সনৎ কুমার সাহা, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয় এর সভাপতিত্বে ১৬ মে ২০১৯ তারিখে জাতীয় সার প্রমিতকরণ কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজানীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

(আ.ফ.ম. আলমগীর কবির)
সহকারী সচিবব
ফোন ঃ ৯৫৪০৯৬৪

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) ও সহ সভাপতি, জাতীয় সার প্রমিতকরণ কমিটি, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, দিলকুশা, ঢাকা।
৪। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
৫। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৬। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৭। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৮। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৯। মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেষ্টিং ইনস্টিটিউট, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
১০। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১১। যুগ্ম-সচিব, এফএমএম, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
১২। সদস্য পরিচালক (এনআরএম), বিএআরসি ও আহ্বায়ক,সার বিষয়ক কারিগরি উপ-কমিটি,ফার্মগেট, ঢাকা।
১৩। মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (মৃত্তিকা), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
১৪। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১৫। চেয়ারম্যান, মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৬। অতিরিক্ত পরিচালক (বাস্তবায়ন) ও সদস্য সচিব, সার বিষয়ক কারিগরি উপ-কমিটি, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
১৭। চেয়ারম্যান, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন, ১৬৬-১৬৭, আল রাজী কমপ্লেক্স পুরানা পল্টন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
(www.moa.gov.bd)

## জাতীয় সার প্রমিতকরণ কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **সনৎ কুমার সাহা**<br>অতিরিক্ত সচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ১৬ মে, ২০১৯, সকাল ১২.০০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয় |
| উপস্থিতির তালিকা : | | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অত:পর তিনি যুগ্মসচিব (উপকরণ)কে সভার আলোচ্য সূচি অনুযায়ী উপস্থাপনের জন্য অনুরোধ করেন। যুগ্মসচিব (উপকরণ) আলোচ্য সূচি সভায় উপস্থাপন করেন।

২। **আলোচ্য সূচি - রেজিষ্ট্রেশন প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের জৈবসারের নমুনা পরীক্ষার ফলাফল বিশ্লেষণ :**

আলোচনা : আলোচ্য বিষয়ে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর সদস্য পরিচালক, জনাব সুলতান আহমেদ, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৃত্তিকা) জনাব বখতিয়ার হোসেন, কৃষি মন্ত্রণালয়ের সার মনিটরিং অধিশাখায় উপপ্রধান বদিউল আলম, বাংলাদেশ ফর্টিলাইজার এসাসিয়েসেন এর প্রতিনিধি জনাব মোঃ ফাইজুর রহমান ভেজাল ও নিম্নমান এবং ২টি ল্যাবে পরীক্ষার বিষয়ে সভায় বক্তব্য পেশ করেন। আলোচনায় অংশ নিয়ে যুগ্মসচিব (উপকরণ) সার ব্যবস্থাপনা আইন ২০০৬ (সংশোধন ২০১৮) হতে ভেজাল ও নিম্নমান সম্পর্কিত পার্থক্য সভায় অবহিত করেন। মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর পরিচালক, জনাব বিধান কুমার ভান্ডার সার ব্যবহার নির্দেশিকার উদ্বৃতি দিয়ে ভেজাল ও নিম্নমান সারের বিষয়টি স্পষ্টীকরণ করেন। উপস্থিত কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর মহাপরিচালকের অনুরোধক্রমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক, কাজী মো: সাইফুল ইসলাম ও উপপরিচালক, ড. সৈয়দ মো: রফিকুল আমীন উল্লেখ করেন যে ২টি ল্যাবে পরীক্ষার বিষয়টি নতুন জৈব সার অনুমোদন ও রেজিষ্ট্রেশন এবং আমদানীর ক্ষেত্রে প্রযোজ্য। দৈবচয়নের ক্ষেত্রে প্রয়োজন নয়। এ প্রসঙ্গে উপসচিব (উপকরণ) সভায় অবহিত করেন যে অতীতে দৈবচয়নের ক্ষেত্রে একটি ল্যাবের ফলাফলের ভিত্তিতে জৈবসারের রেজিষ্ট্রেশন বাতিল করা হয়েছে। দৈবচয়নের ক্ষেত্রে একাধিক ল্যাবে পরীক্ষার বিষয়টি প্রযোজ্য নয়।

বিস্তারিত আলোচনা শেষে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর মহাপরিচালকের অনুরোধক্রমে অতিরিক্ত পরিচালক, কাজী মো: সাইফুল ইসলাম ও উপপরিচালক, ড. সৈয়দ মো: রফিকুল আমীন  মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটে পরীক্ষিত ২৮টি প্রতিষ্ঠানের ৪৫টি নমুনার ফলাফলের বিষয়ে মতামতসহ প্রতিবেদন উপস্থাপন করেন। নমুনা পরীক্ষার ফলাফল পর্যালোচনাপূর্বক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মতামতসহ প্রতিবেদন প্রেরণ করেছে। প্রতিবেদন অনুযায়ী জৈব সারের নাম ও প্রতিষ্ঠানের ঠিকানা নিম্নে উল্লেখ করা হলো :

(ক) সঠিক ফলাফল প্রাপ্ত ৫টি জৈবসারের নাম ও প্রতিষ্ঠানের ঠিকানা :

(১) নাফকো জৈব সার, নিবন্ধন নং-এম-৬১৯
মেসার্স নাফকো (প্রা:) লি, যাদুরচর, হেমায়েতপুর সাভার, ঢাকা।
(২) সুপার গ্রীণ ফিল্ড, নিবন্ধন নং-এম-৪৯২
মেসার্স মজুমদার এগ্রো সার্ভিসেস, মজুমদার ভেজিটেবল কোল্ডষ্টোরেজ, রতনপুর, বিজয়পুর বাজার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
(৩) ওয়েস্ট কনসার্ন জৈব সার, নিবন্ধন নং-এম-৪৬২
মেসার্স ওয়েষ্ট কনসার্ন, বাড়ী নং-২১ (সাইড-বি), রোড নং-৭, ব্লক-জি, বনানী মডেল টাওন, ঢাকা।
(৪) ওয়েস্ট কনসার্ন জৈব সার, নিবন্ধ নং-এম-৫৬২
মেসার্স মৃধা এগ্রেকেয়ার লি:, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা।
(৫) অন্নপূর্ণা জৈব সার, নিবন্ধন নং-এম-৩৪৮
মের্সা অন্নপূর্ণা এগ্রো সার্ভিস লি:, বনওয়ারী মোড়, ডোমার, নীলফামারী।

চলমান পাতা/২......

(খ) <u>ভেজাল ফলাফল প্রাপ্ত ১০টি জৈব সার</u> :

(১) চুকচুক জৈব সার-১০২, নিবন্ধন নং-এম-১০
মেসার্স ফারুক ফার্টিলাইজার লি:, বাড়ি নং-২৩/১, রাস্তা নং-২, বনানী, ডিওএইচএস, ঢাকা।
(২) চুকচুক জৈব সার-১৫০, নিবন্ধন নং-এম-১১
মেসার্স ফারুক ফার্টিলাইজার লি:, বাড়ি নং-২৩/১, রাস্তা নং-২, বনানী, ডিওএইচএস, ঢাকা।
(৩) মেঘনা জৈব সার, নিবন্ধন নং-এম-৪৯১
মেঘনা ফার্টিলাইজার কোম্পানী লি:, মুশুরীখোলা, হেমায়েতপুর, সাভার, ঢাকা।
(৪) হিসান জৈব সার, নিবন্ধন নং-এম-৪৯৮
মেসার্স ইনতেফা, ৪৯১, ওয়ারলেস, রেলগেইট, বড় মগবাজার, ঢাকা।
(৫) অর্কো জৈব সার, নিবন্ধন নং-এম-৬০১
মেসার্স এগ্রো এরিনা এসোসিয়েটস, আর বি কে রোড, চাঁচড়া, যশোর।
(৬) এসিআই বাম্পার জৈবসার, নিবন্ধন নং-এম-৬৫৭
২৪৫, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
(৭) মুক্তি জৈব সার, নিবন্ধন নং-এম-৬৫০
মেসার্স গজারিয়া অর্গানিক ফার্টিলাইজার লি:, কোলসেরকান্দি, গজারিয়া, মুন্সিগঞ্জ।
(৮) GTS Organic Fertilizer, নিবন্ধন নং-এম-৬৫১
মেসার্স আর্থ লাভার ফার্টিলাইজার লিমিটেড, শ্রীনগর, মুন্সিগঞ্জ।
(৯) বোনমিল, নিবন্ধন নং-এম-৪৭১
মেসার্স করবেল ইন্টারন্যাশনাল লি:, এস.আর টাওয়ার ৪৯ তেজকুনীপাড়া, বীর উত্তম জিয়াউর রহমান রোড, তেজগাঁও, ঢাকা।
(১০) ই-ভার্মি কম্পোষ্ট, নিবন্ধন নং-এম-৮৪২
মেসার্স ইয়ন ট্রেডিং হাউস, ৩০৪ (৬, ৭, ৮ তলা), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

(গ) <u>ইতোমধ্যে নিবন্ধন বাতিল করা ২টি জৈব সার</u> :

(১) মানিক-রতন জৈব সার, নিবন্ধন নং-এম-৬০৯
মেসার্স রিয়া ফার্টিলাইজার, শাহবাজপুর, রসুলপুর, কামারখন্দ, সিরাগঞ্জ।
(২) জৈবশক্তি (বোনমিল), নিবন্ধন নং-এম-৪৭৩
মেসার্স পেট্রোকেম বাংলাদেশ লিমিটেড, কেবিসি হেরিটেজ (৪র্থ তলা) ফ্লট-৩,৪, জসিম উদ্দিন এভিনিউ, উত্তরা, ঢাকা।

(ঘ) <u>প্রতিষ্ঠান পর্যায়ে নিবন্ধন বিহীন ২টি জৈব সার</u> :

(১) জৈব পাওয়ার
মেসার্স ফার্মিং এগ্রো কেমিক্যালস লিমিটেড, শান্তিপুর, কুটি, কসবা, ব্রাক্ষণবাড়িয়া।
(২) পাওয়ার সুপার
মেসার্স সি ট্রেড ফার্টিলাইজার লি:, ৯০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

(ঙ) <u>কৃষক পর্যায়ে উৎপাদি নিবন্ধন বিহীন ৫ টি জৈব সার</u> :

(১) সাবেকুন ভার্মি কম্পোস্ট সার
মোছা: সাবেকুন নাহার, পিতা-ড. সামছুল বারী, উলিপুর, বড়হর, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
(২) কৃষকের জৈব সার
মো: সাকিল হোসেন, পিতা-ইব্রাহিম, হাটকুড়া, গাঙ্গাগুটিয়া, ধামরাই, সাভার, ঢাকা।
(৩) কৃষকের জৈব সার
ইয়াসিন আলী, পিতা- আমির উদ্দিন, হাটকাড়া, গাঙ্গাগুটিয়া, ধামরাই, সাভার, ঢাকা।
(৪) কৃষকের জৈব সার
ইসমাইল হোসেন, পিতা-কালু মাতাব্বর, বালিয়া, ধামরাই, সাভার, ঢাকা।
(৫) কৃষকের জৈব সার
মোহাম্মদ আলী, পিতা- কফিল উদ্দিন, হাটকুড়া, গাঙ্গাগুটিয়া, ধামরাই, সাভার, ঢাকা।

চলমান পাতা/৩.....

জৈবসারের ১০টি নমুনার ল্যাব পরীক্ষার ফলাফল পর্যালোচনায় দেখা যায় যে, ১০টি নমুনার সবকটি ভেজাল জৈবসার। বর্ণিত ১০টি জৈবসারের লাইসেন্স বাতিল এবং সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নির্দেশনা প্রদানের সুপারিশ করা হয়। নিবন্ধন বিহীন জৈবসারের বিষয়ে ডিএই'র মাঠ পর্যায়ের কর্মকর্তাগন তদারকী করবেন যাতে কোনো নিবন্ধন বিহীন জৈব সার বাজারে বিক্রি না হতে পারে। দৈবচয়নের মাধ্যমে রেজিষ্ট্রেশন প্রাপ্ত জৈবসারের রাসায়নিক ল্যাব পরীক্ষার ফলাফল সার বিষয়ক কারিগরি উপকমিটির মাধ্যমে জাতীয় সার প্রমিতকরণ কমিটিতে প্রেরণের কার্যক্রম অব্যাহত রাখারও সুপারিশ করা হয়।

**সিদ্ধান্ত :**

(ক) বাতিল ঘোষিত ১০ নমুনাধারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জৈবসারের লাইসেন্স বাতিলসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে ডিএই প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

(খ) দৈবচয়নের মাধ্যমে রেজিষ্ট্রেশন প্রাপ্ত জৈবসারের রাসায়নিক ল্যাব পরীক্ষার ফলাফল সার বিষয়ক কারিগরি উপকমিটির মাধ্যমে জাতীয় সার প্রমিতকরণ কমিটিতে প্রেরণ করতে হবে।

১৭/০৬/২০১৯
(সনৎ কুমার সাহা)
অতিরিক্ত সচিব (সম্প্রসারণ)
ও
সভাপতি, জাতীয় সার প্রমিতকরণ কমিটি।